বাংলাদেশ জাতীয়তাবাদী দল

কেন্দ্রীয় কার্যালয়ঃ ২৮/১, নয়াপল্টন, ভি আই পি রোড, ঢাকা-১০০০। ফোন: ৯৩৬১০৬৪ ফ্যাক্স: ৮৩১৮৬৮৭ E-mail: bnpcentral@gmail.com
চেয়ারপার্সনের কার্যালয় ঃ বাসা নং-০৬, রোড নং-৮৬, গুলশান-২, ঢাকা-১২১২। ফোন: ৯৮৮৩৪৬২ ফ্যাক্স: ৯৮৮৩৪৫২ E-mail: bnpcpo@gmail.com

তারিখ ঃ ১৪ অক্টোবর ২০২৫

# প্রেস বিজ্ঞপ্তি

## বিএনপি'র ভারপ্রাপ্ত চেয়ারম্যান জনাব তারেক রহমান এর শোকবার্তা

রাজধানীর রুপনগর শিয়ালবাড়ি এলাকায় আরএমজি কারখানা ও রাসায়নিক গুদামে ভয়াবহ অগ্নিকান্ডে কমপক্ষে ১৬ জনের প্রাণহানির ঘটনায় আমি গভীরভাবে বেদনার্ত ও শোকাহত। আমি নিহতদের আত্মার মাগফিরাত ও চির শান্তি কামনা করছি এবং আহতদের দ্রুত ও পূর্ণ সুস্থতা কামনা করছি। নিখোঁজদের জন্য স্বজনরা কান্নাকাটি করছেন ও সেখানে উদ্বেগ-উৎকন্ঠার পরিবেশ বিরাজ করছে।

এই ধরনের হৃদয়বিদারক ঘটনা বারবার ঘটে, যা শোক এবং অনেক প্রশ্নের জন্ম দেয়। কর্মক্ষেত্রে নিরাপত্তার মান নিশ্চিত করার জন্য আমাদের অবশ্যই কাজ করতে হবে যাতে অবহেলার কারণে আর কোনও প্রাণহানির ঘটনা যেন না ঘটে।

সুষ্ঠু তদন্ত নিশ্চিত করার জন্য এবং দায়ীদের জবাবদিহি করতে আমি কর্তৃপক্ষকে অবিলম্বে সুচিন্তিত কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান জানাচ্ছি।

আমি কায়মনোবাক্যে প্রার্থনা করছি, সেই সকল পরিবারদের জন্য যারা তাদের প্রিয়জনদেরকে হারিয়েছেন এবং যারা ক্ষতিগ্রস্ত হয়েছেন।

(অ্যাডভোকেট রুহুল কবির রিজভী)
সিনিয়র যুগ্ম মহাসচিব
বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি।